

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫১.১৯-৩৯০

তারিখঃ ১০ শ্রাবণ ১৪২৬  
২৫ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১৮৬২/২০১৯	জনাব আবু ইউসুফ মৃধা, অধ্যক্ষ, ইকামাতেদ্বীন কামিল মাদ্রাসা, উপজেলা- ভাঙ্গা, জেলা- ফরিদপুর সহ মোট (১১ জন)।	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, উপাচার্য, ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়, ডিজি, মাউসিঅ, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ১১ (এগার) জন।	ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলাধীন ইকামাতেদ্বীন ফাজিল মাদ্রাসার ফাজিল স্তরের অধিভুক্তি ২৮/০২/২০২০ তারিখ পর্যন্ত নবায়ন করে ইসলামি আরবী বিশ্ববিদ্যালয় হতে ০১/৮/২০১৬ তারিখে ইআবি/পরি/অধি-নবা/২০১৬/০২০ সংখ্যক স্মারকে অফিস আদেশ জারি করা হয়। একই বিশ্ববিদ্যালয় হতে ১৩/১১/২০২০ তারিখ পর্যন্ত কামিল (স্নাতকোত্তর) ফিকহ বিভাগের প্রাথমিক পাঠদানের অনুমতি দিয়ে ১৪/১১/২০১৬ তারিখে ইআবি/পরি/কামিল-প্রা পা/২০১৬/১২৮৪ সংখ্যক স্মারকে অফিস আদেশ জারি করা হয়। উক্ত দুই তারিখের পত্রের উদ্ধৃতি দিয়ে প্রতিষ্ঠান কোড আলিম স্তর থেকে ফাজিল ও কামিল স্তরে পবিত্রনকরণের নির্দেশনাসহ ৮-১১ নম্বর ক্রমিকে বর্ণিত পিটিশনারদের-কে উক্ত প্রতিষ্ঠানে প্রভাষক (আরবী) এবং সহকারী লাইব্রেরিয়ান পদে এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে অধ্যক্ষ জনাব আবু ইউসুফ মৃধা গং (মোট ১১ জন) কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৬/০২/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়ের ০১/৮/২০১৬ এবং ১৪/১১/২০১৬  
তারিখের অফিস আদেশের প্রেক্ষিতে পিটিশনার এর প্রতিষ্ঠানের (ইকামাতেদ্বীন ফাজিল মাদ্রাসার) কোড আলিম স্তর থেকে ফাজিল ও কামিল স্তরে  
পরিবর্তন করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা এবং ৮-১১ নম্বর ক্রমিকে বর্ণিত পিটিশনারদের-কে উক্ত প্রতিষ্ঠানে প্রভাষক (আরবী) এবং  
সহকারী লাইব্রেরিয়ান পদে এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৬/০৩/২০১৯ তারিখ অথবা উক্ত  
তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার  
সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে  
এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৩০৫/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে  
এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in  
Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০৫/০৮/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে  
মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

রেজিস্ট্রার  
ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়  
১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, পশ্চিম ধানমন্ডি মেইন রোড  
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।